যায়যায়দিন

15 NOV 2012
পৃষ্ঠা ... কলাম ...

ইউজিসি হচ্ছে 'উচ্চশিক্ষা কমিশন' বাড়ছে ক্ষমতা ও কর্মপরিধি

এম মামুন হোসেন

বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) নাম বদল ও ক্ষমতা বাড়িয়ে 'উচ্চশিক্ষা কমিশন' করা হচ্ছে। তাদের ক্ষমতা ও কার্যপরিধি বাড়িয়ে শিক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণহীন স্বতন্ত্র কমিশন গঠনের প্রস্তাব করা হয়েছে। শিক্ষা মন্ত্রণালয় এ সংক্রান্ত একটি খসড়া আইনের প্রস্তাব ভোটিংয়ের জন্য আইন মন্ত্রণালয়ে এবং মতামতের জন্য জনপ্রশাসন ও অর্থ মন্ত্রণালয়ে পাঠিয়েছে।

জানা গেছে, গত দুই দশকে দেশে উচ্চশিক্ষার সুযোগ ও সম্ভাবনা অনেক গুণ বৃদ্ধি পেয়েছে। বর্তমানে দেশে ৩৩টি পাবলিক ও ৬৩টি প্রাইভেট বিশ্ববিদ্যালয় রয়েছে। আরো প্রায় ৮-১০টি পাবলিক এবং প্রায় অর্ধশতাধিক প্রাইভেট বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার আবেদন সরকারের বিবেচনাধীন রয়েছে। তবে সংশ্লিষ্টরা মনে করছেন, ইউজিসির বর্তমান কাঠামো ও কর্মকাণ্ডের মাধ্যমে উচ্চশিক্ষার মান নিয়ন্ত্রণ ও তদারকি সম্ভব হচ্ছে না। তাই বিগত কয়েক বছর থেকেই কমিশনের সংস্কার এবং একে ভেঙে দিয়ে উচ্চশিক্ষা কমিশন গঠনের দাবি উঠেছে। বিশেষ করে প্রাইভেট বিশ্ববিদ্যালয়গুলোর সার্টিফিকেট বাণিজ্য ও উচ্চশিক্ষা নৈরাজ্য বন্ধে ক্ষমতা না থাকায় ইউজিসি নখদন্তহীন বাঘে পরিণত হয়েছে।

ইউজিসি চেয়ারম্যান অধ্যাপক এ কে আজাদ চৌধুরী বলেন, যে লক্ষ্য নিয়ে ইউজিসি যাত্রা শুরু করেছিল তা অনেক আগেই ছাড়িয়ে গেছে। পাবলিক এবং প্রাইভেট বিশ্ববিদ্যালয় কয়েকগুণ বেড়ে গেছে। দেশে বসে বিদেশি বিশ্ববিদ্যালয়ে পড়ালেখার সুযোগ মিলছে। কিন্তু দীর্ঘদিন হয়ে গেলেও ইউজিসির ক্ষমতা বাড়েনি। বর্তমান ইউজিসির আক্ষরিক অর্থে কোনো ক্ষমতা নেই। তাই উচ্চশিক্ষা কমিশন হবে সংবিধিবদ্ধ। তা সরাসরি রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর কাছে জবাবদিহি করবে। আর্থিক ও প্রশাসনিক স্বাধীনতা আসবে এতে। বর্তমানে নানা বিষয়ে ইউজিসি কেবল সুপারিশ করে। কিন্তু ব্যবস্থা নিতে পারে না। ইউজিসি চেয়ারম্যান আরো বলেন, শিক্ষাকে ঘরের মধ্যে সীমাবদ্ধ রাখলে চলবে না। এখন সবকিছুতেই

কমিশন : পৃষ্ঠা ২ কলাম ...

বিরোধী দল ছাড়াই শুরু সংসদ অধিবেশন

যাযাদি রিপোর্ট

প্রধান বিরোধী দল বিএনপির বর্জনের মধ্য দিয়ে চলতি নবম জাতীয় সংসদের ১৫তম অধিবেশন শুরু হয়েছে। বুধবার বিকাল ৪টায় স্পিকার আবদুল হামিদ অ্যাডভোকেটের সভাপতিত্বে এ অধিবেশন শুরু হয়।

অধিবেশনের শুরুতে স্বাগত বক্তব্যে সকলকে শুভেচ্ছা জানিয়ে স্পিকার বলেন, 'সংসদীয় কার্যক্রমে বিরোধী দলের অংশগ্রহণ নীতিগতভাবেই কাম্য। সরকারি ও বিরোধী দল উভয়েরই এটি স্মরণ রাখা প্রয়োজন যে, গণতন্ত্র ও উন্নয়নের মূল চালিকাশক্তি হচ্ছে জনগণ। দেশ ও জনগণের স্বার্থে সব রাজনৈতিক দলের মতৈক্যে আসা একান্ত অপরিহার্য। আমি মনে-প্রাণে বিশ্বাস করি, সংসদীয় গণতন্ত্রের ভিত মজবুত করতে অবশ্যই প্রধান বিরোধী দল

সংসদে অধিবেশন : পৃষ্ঠা ২ কলাম ৭

নিজের গোলা... গাইব গান, ...

আজ পহেলা অগ্রহা...

দীপন নন্দী

নিজের গোলায় তুলব ধান, গাইব ... কাটার আনন্দময় মাসের শুরু আজ।

ছয় ঋতুর বৈচিত্র্যময় বাংলার প্রকৃ... সজ্জিত করে তোলে প্রকৃতিকে। ... বিরহিনী, শরতে স্নিগ্ধময়ী আর ... হৈমন্তিকা বয়ে নিয়ে আসে এক ... বার্তা। সারাটি বছর মাথার ঘাম পা... ঘরে তোলার বার্তা। প্রায় ৪০ হাজা... সেই উৎসবের নাম মাটির সঙ্গে ...